

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৮ ১(আগরতলা ০৬।০৩)

সোনামুড়া, ৬ মার্চ, ২০১৯

মেলাঘর হাসপাতালে ফ্রি ডায়াগনস্টিক পরিষেবার সূচনা
রাজ্যে ১৫০জন চিকিৎসক নিয়োগের প্রক্রিয়া চলছে : স্বাস্থ্যমন্ত্রী

রাজ্যের চিকিৎসা ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আনার উদ্যোগ গ্রহণ করেছে রাজ্য সরকার। স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে কোন রাজনীতি নয়। সকলের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দিতে সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ মেলাঘর মহকুমা হাসপাতালে ফ্রি ডায়াগনস্টিক পরিষেবার সূচনা করে একথা বলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সুদীপ রায় বর্মণ। তিনি বলেন, আমাদের রাজ্যের মানুষকে তাদের উপার্জনের চল্লিশ শতাংশ টাকা চিকিৎসা খাতে ব্যয় করতে হয়। উন্নত চিকিৎসার জন্য তাদেরকে রাজ্যের বাইরে যেতে হচ্ছে। সাধারণ মানুষের চিকিৎসা সংক্রান্ত ব্যয়ভার লাঘব করার জন্য রাজ্যে উন্নত চিকিৎসা পরিষেবা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে আগরতলায় নিউরো সার্জারী বিভাগ চালু করা হয়েছে। রাজ্যের ৬টি জেলা হাসপাতাল ১২টি মহকুমা হাসপাতাল এবং আই জি এম হাসপাতালে ফ্রি ডায়াগনস্টিক সার্ভিস চালু করা হয়েছে। তাতে হাসপাতালের অন্তর্বিভাগ ও বহির্বিভাগের সমস্ত রোগী বিনা পয়সায় প্যাথলজিক্যাল টেস্ট করতে পারবেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, শীঘ্রই রাজ্যে ১৫০জন চিকিৎসক নিয়োগের প্রক্রিয়া শুরু হবে। মেলাঘর মহকুমা হাসপাতালকে জেলা হাসপাতালে উন্নীত করার পরিকল্পনা রয়েছে বলে তিনি জানান। এছাড়া মেলাঘর হাসপাতালে একজন বিশেষজ্ঞ মেডিসিনের চিকিৎসক দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে বলেও তিনি জানান। তিনি স্বাস্থ্য কর্মীদের রোগীদের সঙ্গে সহৃদয় ব্যবহার করার পরামর্শ দেন। হাসপাতালে সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখতে তিনি সকলের প্রতি আবেদন জানান। এদিনের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিধায়ক সুভাষ চন্দ্র দাস, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন উত্তম দাস, ভাইস চেয়ারপার্সন সুপাঙ্ক সরকার প্রমুখ উপস্থিত ছিলেন। স্বাগত ভাষণ দেন মহকুমা স্বাস্থ্য আধিকারিক গৌতম চক্রবর্তী।

স্বাস্থ্যমন্ত্রী সুদীপ রায় বর্মণ মেলাঘর মহকুমা হাসপাতালে নতুন ডায়াগনস্টিক ল্যাবরেটরী এবং বিভিন্ন ওয়ার্ড ঘুরে দেখেন। তিনি হাসপাতালের চিকিৎসা সংক্রান্ত বিষয় সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর নেন। মেলাঘর হাসপাতালের নির্মীয়মান দ্বিতল ভবনের কাজের অগ্রগতি সম্পর্কেও স্বাস্থ্যমন্ত্রী খোঁজ খবর নেন।
